দৈনিক জনকণ্ঠ

তারিখ 11 DEC 1993
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

খুলনা টিটি কলেজ

# ৮ মাসেও ফল প্রকাশিত হয়নি

**স্টাফ রিপোর্টার, খুলনা অফিস, ১০ ডিসেম্বর।**- খুলনা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের বিএড চূড়ান্ত পরীক্ষার ফল দীর্ঘ ৮ মাসেও প্রকাশিত হয়নি। ফলে ৬শ' ছাত্রছাত্রী ও প্রশিক্ষণার্থীকে দুর্ভোগ পোহাতে হচ্ছে। এর কারণে অনেকে এ বছর সরকারী স্কুলে শিক্ষক নিয়োগে অংশগ্রহণ করতে পারেনি। অনেকে আবার তাদের নতুন স্কেল পাচ্ছে না। এ জন্য ছাত্র-ছাত্রী ও প্রশিক্ষণার্থীদের মধ্যে ক্রমশঃ ক্ষোভ বৃদ্ধি পাচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, খুলনা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের সাবেক অধ্যক্ষা ডঃ আয়শা খাতুন ক্ষমতা হস্তান্তর না করেই গাঢাকা দিয়েছেন। গত আগস্ট মাস থেকে তার কোন সন্ধান মিলছে না। ইতোমধ্যে তাকে ময়মনসিংহ এবং কুমিল্লায় বদলি করা হলেও তিনি এর কোথাও যোগদান করেননি। তার বিরুদ্ধে দুর্নীতি, স্বজনপ্রীতি ও অনিয়মের অভিযোগে খুলনার টিটি কলেজের ছাত্ররা আন্দোলন শুরু করলে তিনি অন্তর্ধান হয়ে যান। সর্বমোট ৫শ' ৬৭ জন প্রশিক্ষণার্থীর প্রাকটিস টিচিং, মৌখিক পরীক্ষাসহ বিভিন্ন পর্ব পরীক্ষার ফলাফল কোথায় এবং কোন্ অবস্থায় আছে তা কেউ জানেন না। ফলে ফলাফল তৈরির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হচ্ছে।

এ ব্যাপারে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, প্রাক্তন অধ্যক্ষার কাছ থেকে কোন দায়িত্ব তিনি বুঝে পাননি। তাই ফলাফল প্রদানে তিনি যথাযথ ভূমিকা পালন করতে পারছেন না। তিনি জানান, এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধতন কর্মকর্তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ করা হলেও কোন সিদ্ধান্ত এখনও আসেনি। আলমারীসমূহ খোলার ব্যাপারেও কোন ব্যবস্থা গৃহীত হয়নি। তিনি জানান, উর্ধতন কর্মকর্তাগণ তাকে কলেজটি কোন মতে চালিয়ে নেয়ার নির্দেশ দিয়েছেন। এদিকে ছাত্র-ছাত্রী ও প্রশিক্ষণার্থীদের মধ্যে ক্ষোভ দানা বেঁধে উঠছে। ফলাফল ঘোষণার দাবিতে তারা মঙ্গলবার সকালে কলেজ ক্যাম্পাসে সমাবেশ ও মিছিল করেছে।